

স্মারক নং- ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৪.১১-১২৬

তারিখ : ১৭ মে, ২০১৬ খ্রিস্টাব্দ  
০৩ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ


### প্রজ্ঞাপন

**বিষয়ঃ ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০১৬ এ ৫ম ও ৬ষ্ঠ পর্যায়ের জন্য ভোটগ্রহণের দিন সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় সাধারণ ছুটি ঘোষণা।**

The Negotiable Instruments Act, 1881 এর ২৫ ধারার ব্যাখ্যায় সরকারকে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০১৬ এ ৫ম পর্যায়ের ৭৩৩টি ইউনিয়ন পরিষদের নির্বাচনে ভোট গ্রহণের তারিখ ২৮ মে, ২০১৬ এবং ৬ষ্ঠ পর্যায়ের ৭২৪টি ইউনিয়ন পরিষদের নির্বাচনে ভোট গ্রহণের তারিখ তারিখ ০৪ জুন, ২০১৬ সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীবৃন্দ তাদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে ভোটগ্রহণের দিন বর্ণিত নির্বাচনী এলাকায় সাধারণ ছুটি ঘোষণা করা হলো।

২। সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় যদি উক্ত তারিখে কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(মোঃ আলমগীর হোসেন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫১৪৪৯২  
reg4@mopa.gov.bd

বিতরণ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব/সচিব, (সকল) বিভাগ/মন্ত্রণালয়।
- ০৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল ঢাকা।
- ০৫। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ০৬। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ০৭। কমিশনার, (সকল)।
- ০৮। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
- ০৯। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ১০। জেলা প্রশাসক, (সকল)।
- ১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১৩। উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৫। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)।
- ১৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।